

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং-

তারিখ :- ০১/০৮/২১ খ্রিঃ

বিষয় :- স্থায়ী কমিটির সভায় অংশ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০৮/২১ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা মোছাঃ মোতাহারা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

প্রাপক : ১। উপজেলাকর্মকর্তা
হরিপুর, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও

সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
হরিপুর, ঠাকুরগাঁও।
তারিখ :- ০১/০৮/২১ খ্রিঃ

স্মারক নং-





অনুলিপি সদয় অবগতি জন্য।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

আগষ্ট / ২১ খ্রিঃ মাসে মাধ্যমিক ও মাদ্যাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় সম্মানিত সদস্যদের
হাজিরা সিট।

তারিখঃ ০৪/০৮/২০২১ খ্রিঃ
সময় ১১.০০ টা

ক্রঃনং	নাম ও পদবি	সদস্য পদ	স্বাক্ষর
০১	মোছাঃ মোতাহারা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও	সভাপতি	
০২	মোঃ আব্দুল কাইয়ুম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও	সদস্য	
০৩	চেয়ারম্যান, ৪ নং ডাক্তারপাড়া ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও	সদস্য	
০৪	উপজেলা শিক্ষা অফিসার হরিপুর, ঠাকুরগাঁও	সদস্য	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও	সদস্য সচিব	

আগষ্ট/২১ খ্রিঃ মাসে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

সভাপতি :- মোছাঃ মোতাহারা পারভীন, ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

স্থান :- সভাপতির অফিস কক্ষ

তারিখ :- ০৪/০৮/২১ খ্রিঃ

সময় :- ১১-০০ ঘটিকা

উপস্থিত সদস্য বৃন্দ :

০১। মোছাঃ মোতাহারা পারভীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, সভাপতি	স্বাক্ষরিত	
০২। মোঃ আব্দুল কাইয়ুম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর	সদস্য	"
০৩। মোঃ মুনিরজ্জান, চেয়ারম্যান, ডাঙ্গীপাড়া ইউপি	সদস্য	"
০৪। মোঃ আজিজার রহমান, উপজেলা শিক্ষা অফিসার, হরিপুর।	সদস্য	"
০৫। মোঃ এস. আর ফারুক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর	সদস্য সচিব	"



আলোচ্য সূচি :

- ০১। গত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন
- ০২। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- ০৩। বিবিধ।

অদ্যকার সভার অত্র কমিটির সভাপতি জনাব মোছাঃ মোতাহারা পারভীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতি-সভায় উপস্থিত সদস্যদের-শুভেচ্ছা জানান। অতঃপর সভার কাজ শুরু হয়। সভাপতির অনুমোতি ক্রমে সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গতসভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধন বা বিয়োজন না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত ও গৃহিত হয়।

বিভাগীয় আলোচনায়-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই, তবে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলি এসএমসি কমিটি কর্তৃক পরিচালনার ক্ষেত্রে (ইউজিডিপি) এর অর্থে নির্দেশনা মূলক প্রশিক্ষন/ওয়ার্কসোপ অনুষ্ঠান করা হলে শিক্ষার মান উন্নয়ন সহ প্রাতিষ্ঠানিক দায়িত্ব ও কর্তব্যে কর্মরত শিক্ষকগণ আরও উৎসাহিত হতো। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় সভাপতি বলেন আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় বিষয়টি নিয়ে আলোচনা স্বাপেক্ষে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহন করা হবে।

বিবিধ, বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত
মোছাঃ মোতাহারা পারভীন
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং-উঃপঃচেঃকাঃ/হরি/ঠাক/২০২১/ (৭)

তারিখ :- ০৪-০৮-২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল -

- ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।
- ০৩। উপজেলা.....কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
- ০৪। চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

মোছাঃ মোতাহারা পারভীন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও